গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০৭.২৩/১২৮

তারিখ: ১২ ভাদ্র ১৪৩০ / ২৭ আগস্ট ২০২৩

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর জরিপ ক্যালেন্ডার ও বিশেষ বুলেটিন প্রচার এবং আঞ্চলিক পরিচালকদের আঞ্চলিক সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং সরবরাহের একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক, নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিসীম। এ লক্ষ্যে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম প্রতিবছর পরিচালনা করে ডেটাবেইস হালনাগাদ করে থাকে। এ বছর দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে নিম্নোক্ত অঞ্চল ও তারিখ মোতাবেক তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।

| শিক্ষা অঞ্চল | তথ্য সংগ্রহের মেয়াদ |
|---|---|
| ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ০৩-০৯ সেপ্টেম্বর ২০২৩ |
| খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ১০-১৬ সেপ্টেম্বর ২০২৩ |
| গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা | ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ |

০২। উল্লিখিত সময়ের মধ্যে সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Education Statistics ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ, UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আর্ন্তজাতিক সংস্থায় তথ্য প্রদানে বিলম্ব ঘটে, ফলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশ এর অবস্থান নীচে পড়ে যায় এবং দেশের সুনাম ক্ষুন্ন হয়।

০৩। বর্ণিতাবস্থায়, ক) দেশের সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সহ অধিদপ্তরের আওতাধীন অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য শিক্ষা অঞ্চলভিত্তিক নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে আপলোড করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করছি এবং অধিদপ্তরের ওয়েবসাইটে জরিপ ক্যালেন্ডার ও সংক্রান্ত বিশেষ বুলেটিন প্রচার; এবং

খ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে তথ্য প্রদানের বিষয়ে মনিটরিং করার লক্ষ্যে আঞ্চলিক পরিচালকগণকে আঞ্চলিক সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালনের প্রয়াজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

***বিষয়টি অতীব জরুরী***

সংযুক্ত: শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ক্যালেন্ডার ২০২৩।

(মোঃ কায়ছার রহমান)
পরিচালক
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৫১
E-mail: director@banbeis.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, বাংলাদেশ, ঢাকা-১০০০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০৭.২৩/১২৮(২)

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ / ১৩ জুলাই ২০২৩

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডার ২০২৩**

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নাধীন শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২৩ এর কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ২১.০৭.২০১০ তারিখের পরিপত্র নং ৩৭.০৬৬.০১৮.০০.০৬.০৫.২০১০-৩৩৮ এ ২(ক) অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত নিম্নোক্ত বার্ষিক জরিপ ক্যালেন্ডার প্রণয়ন করা হলো:

| নং | কাজের ধরণ | সময়সীমা | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| ১। | জরিপ প্রশ্নমালা (তথ্যছক) আপডেশন | ০১-২৫ জুলাই ২০২৩ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| ২। | জরিপ প্রশ্নমালা (তথ্যছক) এর ওপর মতামত সংগ্রহ সংক্রান্ত নয়টি শিক্ষা অঞ্চলে কর্মশালা পরিচালনা | ০১-২০ আগস্ট ২০২৩ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| ৩। | কর্মশালায় প্রাপ্ত মতামত প্রশ্নমালা (তথ্যছক) এ সংযোজন ও বিয়োজন এবং সফটওয়্যার আপডেশন | ২১-৩০ আগস্ট ২০২৩ | পরিসংখ্যান বিভাগ, আইসিটি বিভাগ ও আইইআইএমএস প্রকল্প, ব্যানবেইস |
| ৪। | বিভিন্ন অধিদপ্তর ও দপ্তরসহ, আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামারদের অনলাইন সার্ভে জরিপ সংক্রান্ত দিকনির্দেশনা/চিঠিপত্র ও e_Survey Manual প্রেরণ | ২০-৩১ আগস্ট ২০২৩ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| ৫। | **Online Software ব্যবহারের মাধ্যমে তথ্য সংগ্রহ (Data Collection); ০৩-২৩ সেপ্টেম্বর ২০২৩** | | |
| | ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ০৩-০৯ সেপ্টেম্বর ২০২৩ | পোস্ট প্রাইমারি স্তরের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামারগণ তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন এবং ব্যানবেইস এর সকল কর্মকর্তা/কর্মচারীগণ টেলিফোনিক e_monitoring কার্যক্রম পরিচালনা করবেন) |
| | খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ১০-১৬ সেপ্টেম্বর ২০২৩ | |
| | গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা | ১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ | |
| | বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম এবং মেডিকেল ও ডেন্টাল কলেজসমূহের তথ্য সংগ্রহ | ২৪ সেপ্টেম্বর থেকে ৩০ অক্টোবর ২০২৩ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| ৬। | জরিপে সংগৃহীত তথ্যের সামঞ্জস্যতা যাচাই/Editing and Cleaning এবং Leftover শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ | ০১ - ৩১ অক্টোবর ২০২৩ | পরিসংখ্যান বিভাগ ও আইসিটি বিভাগ, ব্যানবেইস |
| ৭। | Post Enumeration Check (PEC) এর তথ্যসংগ্রহ ও প্রতিবেদন প্রস্তুত | ০১- ২০ নভেম্বর ২০২৩ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| ৮। | তথ্য প্রক্রিয়াকরণ | ২১ নভেম্বর - ২০ ডিসেম্বর ২০২৩ | পরিসংখ্যান বিভাগ ও আইসিটি বিভাগ, ব্যানবেইস |
| ৯। | Bangladesh Education Statistics খসড়া প্রতিবেদন প্রস্তুত | ২১ ডিসেম্বর ২০২৩ -১৫ জানুয়ারি ২০২৪ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| ১০। | খসড়া প্রতিবেদনের উপর Workshop পরিচালনা | ১৬ - ২০ জানুয়ারি ২০২৪ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| ১১। | Workshop থেকে প্রাপ্ত মতামত সংযোজন করে প্রতিবেদন চূড়ান্তকরণ | ২১-২৫ জানুয়ারি ২০২৪ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |
| ১২। | প্রতিবেদন মুদ্রণের জন্য প্রেরণ | ৩১ জানুয়ারি ২০২৪ | পরিসংখ্যান বিভাগ, ব্যানবেইস |

১৩/৭/২৩

(মোঃ কায়ছার রহমান)
পরিচালক
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৫১
E-mail: director@banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১০৭.২৩/ ২৫(ক)/ ১১২৮ তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ / ১৩ জুলাই ২০২৩

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি ও কার্যার্থে:

১ চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা, [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

২ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৩ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৪ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৫ চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৬ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৭ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৮ পরিচালক, ব্যানবেইস, ঢাকা;

৯ চিফ, পরিসংখ্যান বিভাগ/ চিফ, ডিএলপি বিভাগ, ব্যানবেইস, ঢাকা;

১০ সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ব্যানবেইস এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

১১ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ............... ...... অঞ্চল;

১২ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ............... ...... অঞ্চল;

১৩ উপ-পরিচালক (প্রশাসন/অর্থ), ব্যানবেইস, ঢাকা;

১৪ জেলা শিক্ষা অফিসার ................ [সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস ও সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচার ও জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ];

১৫ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার .................. [সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ এবং জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ];

১৬ সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই ..................................;

১৭ প্রতিষ্ঠান প্রধান.......................... [জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ];

১৮ অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ/উন্নয়ন/কলেজ/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/পরিকল্পনা/নিরীক্ষা ও আইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ/মাদ্রাসা/কারিগরি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;

৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৪। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ব্যানবেইস, ঢাকা।

১৩/৭/২৩

(শেখ মোঃ আলমগীর)
চিফ, পরিসংখ্যান বিভাগ
ফোন: +৮৮-০২-৪১০৬০৭১৫



৫৩৩